# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, আল্লাহর বাণী: يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ ٱتَّقُواْ ٱللَّهَ وَٱبۡتَغُوٓاْ إِلَيۡهِ ٱلۡوَسِيلَةَ [المائدة: ٣٥] “হে মুমিনগণ, আল্লাহকে ভয় কর এবং তার উসীলা তালাশ করো”। [সূরা আল-মায়েদা, আয়াত: ৩৫]-এর অর্থ কি?

উত্তর: বল, এর অর্থ হচ্ছে আল্লাহর আনুগত্য ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণ করার মাধ্যমে আল্লাহর নৈকট্য অর্জন করা। এটি সেই উসিলা, আল্লাহর নৈকট্য হাসিল করার জন্যে যার নির্দেশ তিনি প্রদান করেছেন। যে জিনিস কাউকে লক্ষ্য-উদ্দেশ্যে পৌঁছিয়ে দেয়, তাই উসীলা । আল্লাহ ও তার রাসূল যে তাওহীদ ও আনুগত্যের অনুমোদন দিয়েছেন তা ব্যতীত অন্য কিছু অভীষ্ট লক্ষ্যে পৌঁছায় না। অলী ও কবরবাসীদের প্রতি মনোনিবেশ করা নাজাতের উসিলা নয়। এটা নাম পরিবর্তনের অধ্যায় থেকে এবং জিনিষের আসল নাম বদল করে অন্য নামে নামকরণ করা মাত্র। জান্নাতে যাওয়ার পথ ও হিদায়াতের রাস্তা ভুলিয়ে মানুষকে বিচ্যুত করার জন্য মানুষ শয়তান ও জিন শয়তানের ধোঁকা মাত্র।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9995

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন